দৈনিক খবর

তারিখ 12 APR 1993
পৃষ্ঠা 8 কলাম ৩

# পলিটেকনিক শিক্ষক সমিতি নেতাদের শিক্ষামন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ

বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি কেন্দ্রীয় নির্বাহী পরিষদের নবনির্বাচিত ১১ সদস্যবিশিষ্ট নির্বাহী পরিষদ সভাপতি খন্দকার শাহাব উদ্দিন মাহমুদ ও সাধারণ সম্পাদক মোঃ শামসুর রহমান-এর নেতৃত্বে গত শনিবার শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের সাথে তাঁর সচিবালয়স্থ দপ্তরে এক আলোচনা সভায় মিলিত হন।

সমিতির নবনির্বাচিত কর্মকর্তাবৃন্দ পলিটেকনিক শিক্ষা ব্যবস্থার নানাবিধ সমস্যার সমাধান সম্পর্কে মন্ত্রীর পূর্বে দেয়া প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দিয়ে ঐ সকল সমস্যা দ্রুত সমাধান করার অনুরোধ জানান। এসব সমস্যার মধ্যে চীফ ইন্সট্রাকটর পদে পদোন্নতি, এডহক শিক্ষকদের নিয়মিতকরণ, উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণের জন্য বিশেষ বর্ধিত বেতন প্রদান, কারিগরি শিক্ষার সম্প্রসারণ প্রদত্ত নতুন পদ সৃষ্টিসহ একটি উৎসাহজনক বিজ্ঞানসম্মত চাকরি কাঠামো প্রণয়নের বিষয় এই আলোচনায় প্রাধান্য পায়।

মন্ত্রী ধৈর্যসহকারে সমিতির নেতৃবৃন্দের বক্তব্য শোনেন। শিক্ষামন্ত্রী চীফ ইন্সট্রাকটর পদে পদোন্নতির নির্দেশ দ্রুত প্রদানসহ শিক্ষকদের নিয়মিত করার ব্যাপারে তার নিকট প্রস্তাব আসার সাথে সাথে তিনি তা অনুমোদন করে প্রধানমন্ত্রীর নিকট বিবেচনার জন্য প্রেরণ করবেন বলে কথা দেন। এছাড়া দেশকে স্বনির্ভর করার লক্ষ্যে মধ্যম স্তরের এই কারিগরি শিক্ষার ব্যাপক সমগ্র আইন করার প্রয়োজনীয়তা স্বীকার করে এ ব্যাপারে তিনি যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন বলে জানান। পলিটেকনিক শিক্ষকদের দীর্ঘদিনের দাবী একটি বিজ্ঞানসম্মত চাকরি কাঠামো প্রণয়নের ব্যাপারেও একমত পোষণ করেন।

মন্ত্রী বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির নবনির্বাচিত নেতৃবৃন্দকে বর্তমান গণতান্ত্রিক সরকারকে দেশের কারিগরি শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণে সহযোগিতা করার আহবান জানান। শিক্ষামন্ত্রীর সাথে আলোচনা সভায় সমিতির সভাপতি খন্দকার শাহাব উদ্দিন মাহমুদ, সহ-সভাপতি মোঃ আবদুর রশিদ, সাধারণ সম্পাদক মোঃ শামসুর রহমানসহ ১১ জন নেতৃবৃন্দ অংশ নেন। প্রেস বিজ্ঞপ্তি।